মাদ্রাসার ছাদে ডেকে নিয়ে তৃতীয় শ্রেণীর ছাত্রীকে ধর্ষণ,মামলা

চেম্বার ডেস্ক:: নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় মাদ্রাসার ছাদে ডেকে নিয়ে আট বছরের এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় মিলন হোসেন নামে এক ব্যক্তির বিরুদ্ধে মামলা করা হয়েছে।

শনিবার রাতে ভুক্তভোগী ওই শিশুর মা বাদী হয়ে বেগমগঞ্জ থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে তার বিরুদ্ধে মামলা করেন।

এর আগে দুপুরে উপজেলার গঙ্গাবর মাদ্রাসার ছাদে এ ঘটনা ঘটে।

অভিযুক্ত মিলন হোসেন উপজেলার গঙ্গাবর গ্রামের আবুল হোসেনের ছেলে। নির্যাতিত ওই শিশুটি স্থানীয় একটি মাদ্রাসার তৃতীয় শ্রেণির ছাত্রী।

পরিবার সূত্রে জানা যায়, শনিবার দুপুরে ভুক্তভোগী শিশুটি বাড়ির পাশে প্রতিবেশী শিশুদের সঙ্গে খেলা করছিল। ওই সময় মিলন হোসেন তাকে কৌশলে স্থানীয় গঙ্গাবর মাদ্রাসার ছাদে নিয়ে ধর্ষণ করে।

একপর্যায়ে পালিয়ে এসে তার পরিবারকে ঘটনাটি অবহিত করে। পরে এ ঘটনায় একই দিন রাতে নির্যাতনের শিকার শিশুর মা বাদী হয়ে মামলা করেন।

বেগমগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) মো. রুহুল আমিন বলেন, এ ঘটনায়

মামলা হয়েছে। আসামিকে গ্রেফতারে চেষ্টা চালাচ্ছে পুলিশ।